# মাঠ পর্যায়ের কার্যক্রম এর ই-মনিটরিং প্রতিবেদন

| | | |
|---|---|---|
| ই-মনিটরিং এর তারিখ | : | ১২/০৩/২০২৩ খ্রিঃ। |
| ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী | : | মোঃ মাহবুবুল হক<br>উপসচিব (উন্নয়ন-১ শাখা)<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় । |
| **ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/ কার্যক্রম** | : | তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প এর আওতায় ফুলগাজী প্রশিক্ষণ কেন্দ্রে চলমান প্রশিক্ষণ কার্যক্রম। |
| ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/ কার্যক্রম এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী | : | জনাব জুনাইদ মোল্লা, প্রশিক্ষক (বিজনেজ ম্যানেজম্যান্ট)। |

**ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিলক্ষিত বিষয়সমূহ :**

১২/০৩/২০২৩ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকায় ফেনী জেলার ফুলগাজী উপজেলায় 'তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প' এর আওতায় চলমান প্রশিক্ষণ কার্যক্রম ই-মনিটরিং করি। প্রকল্পের আওতায় সকাল ৯টা হতে দুপুর ১২টা এবং দুপুর ০১টা হতে বিকাল ৪টা পর্যন্ত প্রতিদিন ০২টা ব্যাচের ৪০ (চল্লিশ) দিন মেয়াদে বিজনেজ ম্যানেজম্যান্ট বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর সংখ্যা ২৫ জন। ই-মনিটরিংকালে ১৬জন প্রশিক্ষণার্থী উপস্থিত ছিলেন। অনুপস্থিতির বিষয়ে প্রশিক্ষক জানান যে, প্রশিক্ষণার্থীগণের অধিকাংশ কলেজ পর্যায়ের ছাত্রী। কলেজের পরীক্ষার কারণে অদ্য অনুপস্থিতির সংখ্যা বেশী। প্রশিক্ষনার্থীদের দৈনিক ১৫০/- টাকা ভাতা প্রদান করা হয়। অনুপস্থিতির ক্ষেত্রে ভাতা দেয়া হয় না। ই-মনিটরিংকালে জানা যায় যে, জাতীয় মহিলা সংস্থার কোর্স কারিকুলাম অনুযায়ী চলতি ২০২২-২৩ অর্থবছরে ২টি ব্যাচে ৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১৯দিন যাবত বর্তমান ০২টি ব্যাচের প্রশিক্ষণ চলমান রয়েছে।

প্রশিক্ষণার্থীগণের মধ্য হতে ০২ জনের (শামিমা হক মজুমদার ও হাজেরা আক্তার) সাথে আলোচনায় জানা যায় যে, পণ্যের বাজারজাতকরণ, মাননিয়ন্ত্রণ, বিপণন কৌশল, হিসাবরক্ষণ, প্রাতিষ্ঠানিক ঋণ গ্রহণ পদ্ধতি ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এরুপ প্রশিক্ষণের মাধ্যমে উপকৃত হচ্ছেন এবং তারা গ্রুপ গঠণ করে উদ্যোক্তা হিসেবে কাজ করার অভিপ্রায় ব্যক্ত করেন।

<u>মন্তব্য/সুপারিশ</u> :

১। হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্ব আরোপ করতে হবে।

২। প্রশিক্ষণলব্ধ জ্ঞান যথাযথ ব্যবহারের বিষয়টি নিবিড় তদারকির মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টিতে সহায়তা করার জন্য প্রকল্প দপ্তর ও জাতীয় মহিলা সংস্থাকে পরামর্শ প্রদান করা হলো।

৩। প্রশিক্ষণে উপস্থিতির রেকর্ড অনুযায়ী যথাসময়ে ভাতা পরিশোধ নিশ্চিত করতে হবে।

৪। প্রশিক্ষণার্থী নির্বাচনকালে উদ্যোক্তা হওয়ার আগ্রহের বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে।

২০/৩/২৩

(মো: মাহবুবুল হক)
উপসচিব (উ:- ১)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।